শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন
অনলাইনে
বর্তমান
পত্রিকায়
অনলাইনের মাধ্যমে
শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন দিতে
amanclassified.com -এ
-ইন করে সরাসরি বিজ্ঞাপন দিন।

বর্তমান
১৩ অক্টোবর ২০২৩
পুরুলিয়া • আরামবাগ • বাঁকুড়া

## টেন্ডার পাইয়ে দেওয়ার টোপ

# ণমূলের নেতাদের নাম ভাঙিয়ে প্রতারণা, ধৃত ১

তা, **বিষ্ণুপুর:** জনস্বাস্থ্য দপ্তরে পাইপলাইন বসানোর যে কোনও ঠিকাদার তা পেতে। মোটা টাকার ওই টেন্ডার দেওয়ার টোপ দিয়েই করা প্রতারণা। কয়েকদিন আগে টাকার টেন্ডার পাইয়ে দেওয়ার য়ে সোনামুখীর এক তৃণমূল কাছ থেকে প্রায় ৩৭হাজার হাতিয়ে নেওয়া হয়েছিল। র এক ঠিকাদারকেও একই কোটি ২০লক্ষ টাকার টেন্ডার দেওয়ার টোপ দিয়ে প্রায় র টাকা প্রতারণার অভিযোগ



পুলিস ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, কিছুদিন আগে সোনামুখীর কোচডিহি অঞ্চল তৃণমূল কংগ্রেসের সভাপতি গৌরাঙ্গ মণ্ডলকে আমির ফোন করে। সে নিজেকে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের এগজিকিউটিভ অফিসার হিসেবে পরিচয় দেয়। টেন্ডার পাইয়ে দেওয়ার নাম করে দফায় দফায় ৩৭হাজার ৪৪০টাকা নেয়। পরে যোগাযোগ বন্ধ করে দেয়। গৌরাঙ্গবাবু ঠিকাদারি করেন। প্রতারিত হয়েছেন বুঝতে পেরে তিনি সোনামুখী থানায় অভিযোগ দায়ের করেন।

হীড়বাঁধের গোপালপুর গ্রামের বাসিন্দা পেশায় ঠিকাদার মৃত্যুঞ্জয় চক্রবর্তীকেও কিছুদিন আগে আমির ফোন করে একইভাবে প্রতারিত করে। গোপালপুর, মলিয়ান ও হীড়বাঁধ পঞ্চায়েত এলাকায় পাইপলাইন বসানোর জন্য মোট ১কোটি ২০লক্ষ টাকার টেন্ডার হবে বলে জানায়। তার জন্য টেন্ডার কোটেশনের মূল্য হিসেবে তিন দফায় ৩৭হাজার ৭৬০টাকা এবং লেবার লাইসেন্স করানোর জন্য আমির আলি খান নামে কোনও অফিসার নেই। প্রতারিত হয়েছেন বুঝতে পেরে তিনি থানায় অভিযোগ করেন। পুলিস তদন্তে নেমে চন্দ্রকোণা থানার রাঙামাটি এলাকার বাসিন্দা আমিরকে গ্রেপ্তার করে।

পুলিস সূত্রে জানা গিয়েছে, আমির নিজেও ঠিকাদারি কাজের সঙ্গে যুক্ত। টেন্ডার প্রক্রিয়া সম্পর্কে সে ওয়াকিবহাল। তাই সে বেছে বেছে ঠিকাদারদেরই প্রতারণার ফাঁদে ফেলে। প্রথমে সে বাঁকুড়ার বিভিন্ন ব্লকের তৃণমূল সভাপতিদের কাছ থেকে ঠিকাদারদের নম্বর জোগাড় করে। তারপর সংশ্লিষ্ট ব্লক সভাপতির নাম করে ঠিকাদারদের বিশ্বাস অর্জন করে।

তৃণমূল কংগ্রেসের সোনামুখী ব্লক সভাপতি বিশ্বনাথ মুখোপাধ্যায় বলেন, আমার কাছে অনেকেই বিভিন্ন দরকারে ফোন নম্বর নেন। আমির আলি খান নামে এক ব্যক্তি নিজেকে অফিসার পরিচয় দেওয়ায় আমি গৌরাঙ্গবাবুর ফোন নম্বর দিয়েছিলাম। কিন্তু, সে প্রতারক বুঝতে পারিনি। মৃত্যুঞ্জয়বাবুর




**ঠিকঠাক চলছে তো..!** *মহালয়ার আগে পুরোপুরি নিশ্চিত হতে রেডিও হাতে বৃদ্ধ। বাঁকুড়ায় তোলা নিজস্ব চিত্র*

# ইলেকট্রিক বিল আপডেট করার

ডে
ড্রো
নজ
আ
পুর

নিজস্ব প্র
নিয়ন্ত্রণে
করল অ
ড্রোন উ
নজরদারি
বা খোলা
না দেখা
প্রযুক্তির
বৃহস্প
ছাদ থেকে
উপস্থিত
চেয়ারম্যা
এগজিকি
ঘোষ সহ
রাজ্য সর
ডেঙ্গু দম
হয়েছে।
সার্ভে অ
এলাকায়
পাত্রে জ
এতদিন
নজরদারি
বহুতল
জল জমে

# নিস্তারিণী কলেজ পরিদর্শন ন্যাকের

**নিজস্ব প্রতিনিধি, পুরুলিয়া:** কলেজ পরিদর্শনে এলেন ন্যাশনাল অ্যাসেসমেন্ট অ্যান্ড অ্যাক্রিডিটেশন কাউন্সিলের সদস্যরা (ন্যাক)। বুধবার ও বৃহস্পতিবার পুরুলিয়া নিস্তারিণী কলেজ পরিদর্শন করেন তাঁরা। ন্যাকের তিন সদস্যের প্রতিনিধি দল কলেজের পরিকাঠামো খতিয়ে দেখার পাশাপাশি কলেজের ছাত্রীদের সাথেও কথা বলে। কলেজের অ্যাকাডেমিক পরিকাঠামো খতিয়ে দেখেন, ছাত্রীদের সম্পর্কে নানা তথ্য সংগ্রহ করেন। কলেজে পঠনপাঠনের বাইরে আর কি কি করানো হয় তার খোঁজও নেন ন্যাকের সদস্যরা। উল্লেখ্য, অন্যান্য কলেজের তুলনায় পুরুলিয়া নিস্তারিণী কলেজের পড়ুয়ার সংখ্যা অনেকটাই বেশি।

আগেই এ প্লাস ক্যাটিগরিতে উত্তীর্ণ হয়েছে পুরুলিয়ার এই কলেজ। কলেজে পড়াশুনার পাশাপাশি নানা ভোকেশনাল কোর্স করানো হয়। এখান থেকে কোর্স করে অনেকেই স্বনির্ভর হয়েছেন। কলেজের প্রিন্সিপাল ইন্দ্রাণী দেব বলেন, গত দু'দিন ধরে ন্যাকের সদস্যরা আমাদের কলেজে ঘুরে পরিকাঠামো খতিয়ে দেখেন। আমাদের কাছে যা যা দেখতে চেয়েছেন, আমরা দেখিয়েছি। এবার ভালো ফল আশা করছি।